

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতি, মে ১১, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন্দ্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২৭শে বৈশাখ ১৪০১/১০ই মে ১৯৯৪

নং এস আর, ও. ১২৮-আইন/৯৪—পূর্বা উৎপাদনশীল বঙ্গীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকরীর শর্তাবলী) আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৪ নং আইন) এর ৩(১) শরায় পূর্বস্ব কর্মতাল সরকার বঙ্গ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ বঙ্গ শিল্প সংস্থার অধীনস্থ বঙ্গীয় মালিকানাধীন মানুফ্যাকচারিং শিল্প প্রতিষ্ঠানসমূহ নিয়োজিত শ্রমিকদের মজুরী, বোনাস, চিকিৎসা ভাতা, বাড়ী ভাড়া ভাতা, খাতাঘাত ভাতা, ছুটি, গ্র্যাচুইটি এবং নাইট শিফট ভাতা নির্ধারণের উদ্দেশ্যে ইতিপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন আদর্শ ইত্যাদি বাতিলক্রমে তাহাদের মজুরী ও উচ্চ সুবিধাদি নিম্ন তফসিল মোতাবেক নির্ধারণ করিলেন:—

তফসিল

গ্রেড	পুরাতন স্কেল	নতুন স্কেল
	টাকা	টাকা
১	৫৬০—২০—৮৬০	৯৫০—৩০—১৪৯০
২	৫৯০—২২—৯২০	১০০০—৩৫—১৬০০
৩	৬২০—২৪—৯৮০	১০৫০—৪০—১৭৭০
৪	৬৪০—২৬—১০৩০	১১০০—৪৫—১৯১০
৫	৬৯০—২৮—১১১০	১১৭৫—৫০—২০৭৫
৬	৭৩০—৩০—১১৮০	১২২৫—৫৫—২২১৫

(১২৬৭)

মূল্য : টাকা ২.০০

গ্রেড	পুরাতন স্কেল	নতুন স্কেল
	টাকা	টাকা
৭	৭৬০—৩২—১২৪০	১২৭৫—৬০—২৩৫৫
৮	৭৯০—৩৪—১৩০০	১৩২৫—৬৫—২৪৯৫
৯	৮২০—৩৬—১৪৬৮	১৩৭৫—৭০—২৬৩৫
১০	৮৫০—৩৮—১৫৩৪	১৪২৫—৭৫—২৭৭৫
১১	৯০০—৪০—১৬২০	১৫০০—৮০—২৯৪০
১২	৯৪০—৪২—১৬৯৬	১৫৫০—৮৫—৩০৮০
১৩	৯৮০—৪৪—১৭৭২	১৬০৩—৯০—৩২২০
১৪	১০২০—৪৬—১৮৪৮	১৬৫০—৯৫—৩৩৬০
১৫	১০৬০—৪৮—১৯২৪	১৭০০—১০০—৩৫০০
১৬	১১৬০—৫০—২০৬০	১৮০০—১০৫—৩৬৯০

(২) প্রান্তিক সুবিধাবলী : ১-৬-৯২ ইং তারিখ হইতে কার্যকর।

- (ক) চিকিৎসা ভাতা : সকল শ্রমিকদের জন্য চিকিৎসা ভাতা বর্তমানে প্রচলিত প্রতিমাসে টাকা ১০৩ (একশত) এর স্থলে মাসিক ১৫০ (একশত পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হইয়াছে।
- (খ) যাতায়াত ভাতা : কারখানার এক মাইল পরিধির বাহিরে অবস্থানরত শ্রমিক-দিগ'ক বর্তমানে প্রতি মাসে দেয় যাতায়াত ভাতা ৪০/- (চল্লিশ) টাকার স্থলে ৬০/- (ষাট) টাকা হইবে।
- (গ) বাড়ী ভাড়া ভাতা : বর্তমানে প্রচলিত ৩৫% (মূল মজুরীর) অব্যাহত থাকিবে। এই ভাতা দেশের সর্বত্র সকল শ্রমিকদেরকে সমাধানে দেওয়া হইবে। যে সকল শ্রমিক পারিবারিক বাসস্থান গ্রহণ করিবেন তাহারা এই বাড়ী ভাড়া ভাতা পাইবেন না। যে সকল শ্রমিক একক বাসস্থান (Single Accommodation) গ্রহণ করিবেন তাহারা প্রতিমাসে ২০ (বিংশ) টাকা হারে গিট ভাড়া দিবেন। তবে তাহারা বাড়ী ভাড়া ভাতা পাইবেন।
- (ঘ) কন্স্টিবিউটারী প্রভিডেন্ট ফাণ্ড : বর্তমানে প্রচলিত ৮৫% হারের পরিবর্তে সকল শ্রমিক প্রতিমাসে ১০% হারে নিয়োগকারী কর্তৃক টাকা প্রদান করা হইবে।
- (ঙ) ছুটি নগদীকরণ : বর্তমানে প্রচলিত বিধি অনুযায়ী অর্জিত ছুটির ৫০% নগদীকরণের পদ্ধতি অব্যাহত থাকিবে।
- (চ) উৎসব বোনাস : বর্তমান ব্যবস্থা অব্যাহত থাকিবে।
- (ছ) গ্র্যাচুইটি : বর্তমান প্রথা অব্যাহত থাকিবে।
- (জ) নাইট শিকট ধোলই ভাতা ইত্যাদি : প্রচলিত হারে প্রযোজ্যক্ৰমে এইসব ভাতাদি পূর্ণান অব্যাহত থাকিবে।

(৩) মজুরী নির্ধারণ পদ্ধতি:

- (ক) ১৯৯১ সনের ৩০শে জুনে প্রাপ্ত মজুরী (মূল মজুরী + অতিরিক্ত বর্ধিত মজুরী + ব্যক্তিগত মজুরী/ভাতা + মর্হাৎ ভাতা) এ। ভিত্তিতে মজুরী স্কেলের অনুরূপ (Corresponding Scale) নতুন অনুশোধিত স্কেলে মজুরী নির্ধারণত হইবে।
- (খ) তবে যদি 'ক' অনুযায়ী নির্ধারিত মজুরী সংশ্লিষ্ট নতুন স্কেলের সর্বনিম্ন ধাপের কম হয়, তাহা হইলে সংশ্লিষ্ট স্কেলের/সর্বনিম্ন ধাপে মজুরী নির্ধারণত হইবে, যদি নির্ধারিত মজুরী সর্বনিম্ন ধাপের উচ্চতর হয়, অথবা নতুন স্কেলের কোন ধাপের সমান হয় তাহা হইলে ঐ ধাপের মজুরী নির্ধারিত হইবে। যদি নতুন স্কেলের সমান কোন ধাপ না থাকে তবে পরবর্তী উচ্চতর ধাপে মজুরী নির্ধারিত হইবে। যদি ১৯৯১ সনের ৩০শে জুনের প্রাপ্ত মজুরী ('ক' অনুযায়ী) নতুন সংশ্লিষ্ট স্কেলের সীমার উর্ধ্বে হয় তাহা হইলে সর্বোচ্চ ধাপে মজুরী নির্ধারণ করতঃ প্রাপ্ত মজুরী ও নতুন মজুরী স্কেলের মধ্যে যে পার্থক্য থাকিবে তাহা ব্যক্তিগত মজুরী হিসাবে প্রদান করা হইবে।
- (গ) একই পদে কর্মরত শ্রমিকদের ৩০শে জুন ১৯৯১ তারিখে ৩ (তিন) বৎসরের কম মেয়াদের চাকুরীর জন্য একটি (Increment) মজুরী বৃদ্ধি, ৩-৬ বৎসরের চাকুরী মেয়াদের জন্য ২ (দুই)টি মজুরী বৃদ্ধি ও ৬ (ছয়) বৎসরে উর্ধ্বে চাকুরীর মেয়াদের জন্য সর্বোচ্চ ৩ (তিন)টি মজুরী বৃদ্ধি মঞ্জুর করা হইবে।
- (ঘ) বঙ্গ কলসমূহের সুভা বিভাগে কর্মরত যাবতীয় শ্রমিকদের গড় মজুরীর সাথে যাবতীয় প্রারম্ভিক মজুরীর তুলনায় তাহাদের অধীনস্থ শ্রমিকদের প্রারম্ভিক মজুরীর শতকরা ব্যবধান যোগ করা হইবে। হেড যাবতীয় বেতারও এই পদ্ধতি অবলম্বন করিয়া তাহাদের মজুরী নির্ধারণ করিতে হইবে। যখন বিভাগের পুচ্ছিত পদ্ধতি চালু থাকবে।
- (ঙ) নতুন মজুরী স্কেলে মজুরী পাওয়ার তারিখ হইতে কোন শ্রমিক মর্হাৎ ভাতা ও অন্তর্বর্তীকালীন আর্থিক সুবিধা পাইবেন না। নতুন মজুরী স্কেল ১লা জুলাই ১৯৯১ এবং প্রাথমিক সুবিধাবলী ১লা জুন ১৯৯২ ইং তারিখে হইতে কার্যকর হইবে। বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা ও বাতাসাত ভাতা ১-৭-৯১ ইং তারিখ হইতে ৩১-৫-৯২ ইং পর্যন্ত ৩০-৬-৯১ ইং তারিখে আহরিত অংকে প্রদান করা হইবে।
- (চ) নতুন মজুরী কাঠামো বাস্তবায়নের ফলে, শ্রমিকদের যে বকেয়া পাওনা হইবে তাহা হইতে অর্থ বিভাগের সম্মতক্রমে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের শওক-১০/মজুরী-১৮/৯২/১৬০, তারিখ ২৮-৮-৯৩ ইং/১৩-৫-১৯৭০ বাং তারিখের পৃষ্ঠালিখ এ মাধ্যমে প্রাপ্ত টাকা ১০০০ (এক হাজার) অধিক সমন্বয় করিতে হইবে। সেই ক্ষেত্রে শ্রমিকদের বকেয়া পাওয়ার পরিমাণ ১,০০০ (এক হাজার) টাকার কম হইবে, সেই ক্ষেত্রে অতিরিক্ত আহরিত অর্থ পরবর্তীতে শ্রমিকদের মাসিক মজুরী হইতে সমন্বয়/কর্তন কারতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আজিজ আহমেদ

যন্ত্র-সচিব (নীতি)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মন্বিত।

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তাজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।